

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ বেতার

সদর দপ্তর

৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি

শের-ই বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭

Website : www.betar.gov.bd

স্মারক: ১৫.৫৩.০০০০.০১।২০.০৪।১৮(অংশ-১) ৫২

তারিখ: ১২।১।১৮ বঙ্গাব্দ

প্রাপ্তি প্রিষ্ঠাদ

বিষয়: ০৬-১২-২০১৮ ইং তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ বেতারের ইনোভেশন বার্ষিক উত্তোলন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি

সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব খান মো: রেজাউল করিম, পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, ঢাকা।

সভার তারিখ ও সময় : ০৬ ডিসেম্বর, ২০১৮; দুপুর ৩:৩০ ঘটিকা।

সভার স্থান : পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয়ের দপ্তর কক্ষ।

উপস্থিতির তালিকা : পরিশিষ্ট “ক”,

সভাপতি মহোদয় সভার শুরুতে সভার সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং উপস্থিতি সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং আলোচ্যসূচী অনুযায়ী সভা পরিচালনা করার জন্য উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয় কে অনুরোধ করেন।
সভায় আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	ইনোভেশন সংক্রান্ত সেমিনার আয়োজন করা।	নাগরিক সেবায় উত্তোলনী সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে একদিনের একটি সেমিনার আয়োজন করার সিদ্ধান্ত নেয়া হয় যেখানে নবীন কর্মকর্তাদের (সংযুক্ত তালিকা) ইনোভেশন আইডিয়া সমূহকে প্রাখান্য দেয়া যেতে পারে মর্মে সভায় আলোচনা করা হয়। সেমিনারটি মানসম্মত করার জন্য বেসরকারি সংস্থাকে আউটসোর্সিংয়ের দায়িত্ব প্রদান করা যেতে পারে।	উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) ও সদস্য সচিব ইনোভেশন সংক্রান্ত কমিটি
২	আমন্ত্রিত প্রধান অতিথি ও সম্ভাব্য তারিখ	সেমিনারে উদ্বোধন অনুষ্ঠানে সচিব, তথ্য মন্ত্রণালয় মহোদয়কে প্রধান অতিথি হিসেবে আমন্ত্রণ জানানোর বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়। সেমিনার আয়োজনের সম্ভাব্য তারিখ আগস্ট ২০/১২/২০১৮ তারিখ হতে পারে। এক্ষেত্রে সচিব মহোদয়ের সম্মতিক্রমে তারিখ নির্ধারণ করা হবে।	উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) ও সদস্য সচিব ইনোভেশন সংক্রান্ত কমিটি
৩	সেমিনার আয়োজন	এটুআই মনোনীত রিসোর্সপার্সন দ্বারা সেমিনারের একটি মেশেন পরিচালনা করার সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং বাংলাদেশ বেতারের ০৩ বিভাগ থেকে রিসোর্সপার্সন ছাড়াও ইনোভেশন বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিদের সমন্বয়ে সেমিনার আয়োজনের সিদ্ধান্ত নেয়া হয়।	তাপস চন্দ্র বোস, উপ-বার্তা নিয়ন্ত্রক ও সদস্য ইনোভেশন সংক্রান্ত কমিটি
৪	ওয়েবসাইটে আপলোড	আলোচনা মোতাবেক সভার কার্যবিবরণীটি এ দপ্তরের ওয়েবসাইটের ইনোভেশন কর্ণারে আপলোড করার বিষয়ে সিদ্ধান্ত নেয়া হয়।	শুভময় চন্দ্র, সহকারী পরিচালক (অনুষ্ঠান) ও সদস্য ইনোভেশন সংক্রান্ত কমিটি

সভার সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

খান মো. রেজাউল করিম
পরিচালক (প্রশাসন ও অর্থ)